



মোঃ তাজুল ইসলাম, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ মোবাইল নং-০১৭৩৭০০২৪৭০

জনাব মোঃ তাজুল ইসলাম (মূল আইডি নং-১৬১৩৪১৪২০০৪) লালমনিরহাট সরকারি কলেজের প্রভাষক হিসেবে গত ১৮/১২/২০১৭ খ্রি. যোগদান করেন। তিনি ১৯৮৯ সালের ১০ই জানুয়ারি লালমনিরহাট সদর উপজেলার মহেন্দ্রনগরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মোঃ তমির উদ্দিন, মাতা রোকেয়া বেগম। ব্যক্তিজীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক। তাঁর স্ত্রী রোকসানা খাতুন (মায়া) লালমনিরহাট নেসারিয়া কামিল মাদরাসার সহকারী শিক্ষক হিসেবে ২০১৬ খ্রি. হতে অদ্যবধি কর্মরত। জনাব মোঃ তাজুল ইসলাম ২০০৪ খ্রিস্টাব্দে দাখিল (মাধ্যমিক) পরীক্ষায় জিপিএ ৩.৬৭ এবং ২০০৬ খ্রিস্টাব্দে জিপিএ ৪.৭৫ পেয়ে আলিম (উচ্চমাধ্যমিক) উত্তীর্ণ হন। এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞানে ২০১১ খ্রিস্টাব্দে স্নাতকে জিপিএ ৩.৪৭ এবং ২০১২ খ্রিস্টাব্দে জিপিএ ৩.৫৯ পেয়ে স্নাতকোত্তর সম্পন্ন করেন। তিনি ২০১৬ খ্রিস্টাব্দের ১ জুন ৩৪ তম বিসিএস এর মাধ্যমে সাধারণ শিক্ষা ক্যাডারে সরকারি জসমুদ্দিন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট-এ রাষ্ট্রবিজ্ঞান বিভাগে প্রভাষক বিভাগে যোগদান করে ১৭/১২/২০১৭ খ্রি. পর্যন্ত কর্মরত ছিলেন।

ছাত্র জীবনে ২০০৮ খ্রি. হতে ২০১৬ খ্রি. পর্যন্ত Rotary International District-৩২৮০ বাংলাদেশ এর Rotaract Club of Dhaka Midtown এর সদস্য ছিলেন এবং ২০১৪-২০১৫ রোটারি বর্ষে উক্ত ক্লাবের সভাপতি ও উক্ত সময়ে Rotaract District-৩২৮০ বাংলাদেশ এর বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন। ২০১২ খ্রিস্টাব্দের মার্চ মাসে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ময়মনসিংহ, গ্রাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটে অনুষ্ঠিত Rotaractor Training Camp (RTC) তে অংশগ্রহণ করে ‘Planning Administration and Management’ বিষয়ে ১০ দিন ব্যাপী এবং ২০১৪ খ্রিস্টাব্দের ডিসেম্বরে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), সাভারে বাংলাদেশ, ভারত, নেপাল ও ভূটানের যুবকদের অংশগ্রহণে অনুষ্ঠিত ‘Rotary Youth Leadership Award (RYLA)’ এর উপর সপ্তাহব্যাপী আন্তর্জাতিক প্রশিক্ষণ গ্রহণ করেন। ২৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. হতে অদ্যবধি Rotary Club of Lalmonirhat -এর একজন সক্রিয় সদস্য।

তিনি ভবিষ্যতে ‘জলবায়ু পরিবর্তনের ফলে সামাজিক জীবনের উপর প্রভাব’ বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণ এবং মৌলিক বিষয়ে গবেষণা করতে আগ্রহী।